

টাকা নিয়ে উত্তরপত্র পূরণ
স্বাভাবিকভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের
১৮টি খাতাসহ শ্রেফতার ১

« রাজবাড়ী সংবাদদাতা »

মোট অংকের অর্থ নিয়ে ডিগ্রী পরীক্ষার উত্তরপত্র পূরণের সময় রাজবাড়ীতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সরবরাহকৃত ১৮টি উত্তরপত্রসহ এক ছাত্রকে শ্রেফতার করেছে পুলিশ।

বৃহস্পতিবার বিকালে রাজবাড়ী থানা পুলিশ শহরের বিনোদপুর নতুনপাড়া এলাকায় অভিযান চালায়। এ সময় পুলিশ ১৮টি উত্তরপত্রসহ আবু সাইদ নামে এক ছাত্রকে শ্রেফতার করে।

শ্রেফতারকৃত আবু সাইদের বাড়ি জেলার পাংশা উপজেলার পাকশীয়া গ্রামে। পুলিশ জানায়, উদ্ধারকৃত ১৮টি খাতার মধ্যে ৮টি ইংরেজী বিষয়ের প্রশ্নের উত্তর পূরণ করা হয়েছে। পূরণ করা প্রতিটি খাতার প্রথম ও শেষ পৃষ্ঠায় ২৮৭০ সংকেত ব্যবহার করা হয়েছে। একটি সংঘবদ্ধ চক্র রাজবাড়ী, পাংশা ও বাগিয়াবন্দীর ডিগ্রী পরীক্ষার্থীদের কাছ থেকে বিষয় প্রতি ৫-৭ হাজার

টাকা নিয়ে পাস করিয়ে দেবার চক্রান্তে এ খাতা পূরণ করেছে বলে জানা গেছে। পুলিশ এ চক্রের অন্য সদস্যদের শ্রেফতার করতে অভিযান চক্র করেছে।